

## পানিরোধী স্মার্টফোন রিয়েলমি সি৭৫এক্স এখন বাজারে

- A Monitor Desk Report

Date: 21 April, 2025



**ঢাকাঃ** বাংলাদেশের বাজারে অভ্যুত্থানিক প্রযুক্তির স্মার্টফোন ‘সি৭৫এক্স’ আনলো তরুণদের অন্যতম জনপ্রিয় স্মার্টফোন ব্র্যান্ড রিয়েলমি।

স্মার্টফোনটিতে রয়েছে- আইপি৬৯, আইপি৬৮, আইপি৬৬ রেটিং সম্বলিত এবং মেলিটারি গ্রেড শক রেজিস্ট্যান্স সার্টিফাইড; যেটি কি না পানি, ধুলো ও দুর্ঘটনাজনিত পতনেও ফোনকে পর্যাপ্ত নিরাপত্তা দেয়।

আর্মরশেল প্রোটেকশন যুক্ত এই ড্যামেজ পুফ ফিচার ফোনকে দেয় দারুণ সুরক্ষা। এছাড়া ‘সি৭৫এক্স’-ই একমাত্র স্মার্টফোন যেটি এ দামের মধ্যে আন্ডারওয়াটার ফটোগ্রাফি সম্বলিত ফ্ল্যাগশিপ লেভেল ফিচার দিচ্ছে।

ফটোগ্রাফির জন্য রিয়েলমি ‘সি৭৫এক্স’-এ রয়েছে ৫০ মেগাপিক্সেলের শক্তিশালী ক্যামেরা। সেরা পারফরম্যান্সের জন্য এটিকে সাপোর্ট দিচ্ছে বিশেষ ‘অপ্টিমাইজড অ্যালগরিদম’। নিখুঁত ছবি ও উজ্জ্বল কালারের এসব ছবিগুলো প্রতিদিনের মুহূর্তগুলো ক্যামেরাবন্দি করে রাখতে সাহায্য করে।

‘সি৭৫এক্স’-এর এই ক্যামেরা নাইট ফটোগ্রাফি কিংবা পোর্ট্রেট মোড উভয় ফিচারেই মুগ্ধকর ছবি তুলতে সক্ষম। এটি কম আলোতেও জীবন্ত গল্প উপহার দেয়।

‘কোরাল পিংক’ বর্ণে এই ডিভাইসের বাহারি রঙের বিন্যাস দেখতে দারুণ লাগে। তাই এটি শুধু একটি টেক গ্যাজেট নয় বরং স্টাইল স্টেটমেন্ট। যারা সবকিছুতেই নিজস্বতা ও ব্যক্তিত্বের ছোঁয়া দিতে পছন্দ করেন, এই ডিভাইস নিঃসন্দেহে তাদের জন্য। স্মার্টফোনটির ডিজাইন ও ফিনিশিং গ্রাহকদের দেবে প্রিমিয়াম ফোনের অভিজ্ঞতা।

রিয়েলমি ‘সি৭৫এক্স’ এ রয়েছে- ৪৫ ওয়াট ফাস্ট চার্জ সক্ষমতার ৫৬০০ এমএএইচ ব্যাটারি। ৫ মিনিটের চার্জেই ফোনে কথা বলা যায় ৩ ঘণ্টা। আর একবার পুরোপুরি চার্জ সম্পূর্ণ হলে- ৭ ঘণ্টা টানা গেমিং, ১৩.২ ঘণ্টা ধারাবাহিক ইউটিউব ভিডিও প্লে এবং ২৪ ঘণ্টার স্ট্যান্ডবাই

সম্ভব স্মার্টফোনটি দিয়ে।

এছাড়া এই ফোন গ্রাহকদের দেবে এই সেগমেন্টের বেস্ট এআই এক্সপেরিয়েন্স। ডিভাইসটিতে আছে গুগল জেমিনি চ্যাটবট এবং এটি ব্যবহারকারীদের প্রশ্নের উত্তর, দ্রুততম সময়ে কোনো কিছু অনুসন্ধান, অ্যাপগুলোর মধ্যে নির্বিঘ্ন এআই স্মার্ট লুপ, এআই ইমেজ এডিটিং অর্থাৎ ব্লারি বা ঘোলা ছবিকে স্পষ্ট করা ইত্যাদি ফিচার আছে।

রিয়েলমি 'সি৭৫এক্স' এর ৬/১২৮ জিবি ভ্যারিয়েন্ট পাওয়া যাচ্ছে মাত্র ১৭,৯৯৯ টাকায় সকল অথরাইজড স্টোরে ও ই-কমার্স প্ল্যাটফর্মে।

**-B**